**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অডিট শাখা-০২**
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০৮৮.২১-**৯১**

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৯ বঙ্গাব্দ
২০ জুন, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন চাঁদপুর মহিলা আলিম মাদ্রাসার পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৮.০৫.২০১৮ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া পরিদর্শন প্রতিবেদনের (মাদ্রাসা কর্তৃক প্রণীত ব্রডশীট জবাব এবং মাদ্রাসা অধিদপ্তর কর্তৃক সুপারিশকৃত) উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৪৪.০০১.২০-১৬২৪; তারিখ: ২৮.১১.২০২১ খ্রি.
(২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৩৬.০০১.২২-১৪০১; তারিখ: ০৯.০৫.২০২২ খ্রি.
(৩) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/ভোলা/১৯১০-এম/খুলনাঃ ৭২৯/৫; তারিখ: ১৮.০৯.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে **ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন চাঁদপুর মহিলা আলিম** মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ০৮.০৫.২০১৮ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে অধ্যক্ষের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে মহাপরিচালকের মন্তব্য অনুযায়ী টিএমইডি'র প্রস্তাব নিম্নে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশীট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ১ | প্রশাসনিক মন্তব্য ও সুপারিশ: | -- |
| ১(গ) | স্বীকৃতি: প্রতিষ্ঠানটি স্বীকৃতির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (৩০.০৬.২০২১ খ্রি. তারিখে)। স্বীকৃতি হালনাগাদ নবায়ন রাখা হয়েছে কিনা? সেসম্পর্কিত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হলো এবং পরবর্তী অডিটে এ প্রতিফলন থাকতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (২৮.০২.২০১৯ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ১(চ) | স্টক টেকিং কমিটি সংক্রান্ত তথ্য: স্টক টেকিং কমিটি নেই এবং প্রতি বছর শেষে স্টক টেকিং করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে স্টক টেকিং কমিটি গঠনপূর্বক প্রতিষ্ঠানের স্থাবর ও অস্থাবর সম্পত্তির স্টক টেকিং করে স্টক টেকিং কমিটির প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করতে হবে। এ সংক্রান্ত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |

চলমান পাতা-০২

| | | |
|---|---|---|
| ১(ছ) | রেজিস্টার সংক্রান্ত তথ্য: ডিমান্ড ও রিসিপ্ট রেজিস্টার, ডেসপাচ রেজিস্টার, চেক রেজিস্টার, ফাইল রেজিস্টার, সাবসিডিয়ারি রেজিস্টার ও দান/চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্টার চালু নেই। উল্লিখিত রেজিস্টার চালু করে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্ত প্রমাণক টিএমইডিতে প্রেরণের জন্য অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ১ (ঝ) | মহিলা কোট সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে বর্তমানে ১৮ জন শিক্ষক কর্মরত আছেন। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক ১৮ জনের মধ্যে ২০% হারে ৩.০৬ জন মহিলা শিক্ষক প্রাপ্য। বর্তমানে ০৩ জন মহিলা শিক্ষক কর্মরত আছেন। মহিলা কোট পূরণ নেই। ভবিষ্যতে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক মহিলা কোট পূরণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশন প্রদান করা হলো। |
| ২(খ) | গৃহ, কক্ষ, স্যানিটেশন সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে ০৬টি গৃহে মোট কক্ষের সংখ্যা ১৪টি। প্রতিষ্ঠানে ০১টি নলকূপ এবং ০৩টি শৌচাগার রয়েছে। প্রতিষ্ঠানের অবকাঠামো সন্তোষজনক নয়।<br><br>এখানে উল্লেখ্য যে, প্রতিষ্ঠানের নিজস্ব আর্থিক সংগতি কম। সে লক্ষ্যে সরকারিভাবে একটি গৃহ নির্মাণ বরাদ্দ লাভের প্রচেষ্টা চালানো হচ্ছে মর্মে ব্রডশীট জবাবে উল্লেখ করা হয়েছে। | দ্রুত বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ৩(ক) | একাডেমিক মন্তব্য ও সুপারিশ:<br>*শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য:* বিগত ০৪.০২.২০১০ তারিখের জারীকৃত জনবলকাঠামো ২৪.০৩.২০১৩ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধিত নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানটিতে সার্বিকভাবে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ৩(খ) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য প্রতিষ্ঠানের শিক্ষক মন্ডলী, পরিচালনা কমিটি, অভিভাবকদের সমন্বয়ে ঝড়ে পড়ার হার কমিয়ে আমার সর্বাত্মক প্রচেষ্টা অবহ্যাহত থাকবে।<br>নির্দেশনাপূর্বক গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | ঐ |
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য অধ্যক্ষকে নির্দেশপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা হলো।<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হব। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। | ঐ |
| ৩(গ)১ | অভ্যন্তরীন পরীক্ষার ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফলের গুনগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য অধ্যক্ষকে নির্দেশ দেয়া যেতে পারে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | ঐ |
| ৩(গ)২ | বোর্ড পরীক্ষার ফলাফল: দাখিল বোর্ড পরীক্ষার ফলাফল সন্তোষজনক। ফলাফলের গুনগত ও সংখ্যাগত মান আরও বৃদ্ধিসহ শ্রেণিকক্ষে ছাত্র/ছাত্রীর বৃদ্ধির প্রচেষ্টা অব্যাহত আছে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | ঐ |

চলমান পাতা-০৩

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ৩(গ)৩ | জেডিসি পরীক্ষার ফলাফল: জেডিসি পরীক্ষায় ফলাফল সন্তোষজনক। বোর্ড পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত আছে মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ৩(গ)৪ | বৃত্তি পরীক্ষা: বিগত তিন বছরের মধ্যে ২০১৫ সালে এবতেদায়ীতে সমাপনী পরীক্ষায় ০১ জন, জেডিসি পরীক্ষায় ০৫ জন এবং ২০১৬ সালে এবতেদায়ী সমাপনী পরীক্ষায় ০১ জন, জেডিসি পরীক্ষায় ০১ জন পরীক্ষার্থী বৃত্তি পেয়েছে। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার অধ্যক্ষকে নির্দেশনা দেয়া হলো। | ঐ |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | ঐ |
| ৪(ক) | আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি নির্দেশিকা মোতাবেক সুষ্ঠু ও স্বচ্ছ হিসাব সংরক্ষণ ও পরিচালনা করার জন্য অধ্যক্ষক ও ব্যবস্থাপনা কমিটিকে নির্দেশনা প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়নের জন্য বলা নির্দেশনা প্রদান করা হলো। |
| ০৫ (ক) | বিগত পরিদর্শন সংক্রান্ত:<br>• প্রতিষ্ঠানটি গত ৩১.০৩.২০০৮ তারিখের পরিদর্শন করা হয়। তৎকালীন পরিদর্শন প্রতিবেদনের ১৫(জ) অনুচ্ছেদে সহকারী শিক্ষক (শরীর চর্চা) জনাব মোঃ ছালাউদ্দিন কর্তৃক গৃহীত বেতন ভাতার ৯৫,২৭৪.৫০ টাকা ফেরতের সুপারিশ ছিল। আবার বর্তমান পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে ও অর্থাৎ গত ০৮.০৫.২০১৮ খ্রি. তারিখের পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে একই বিষয়ে আপত্তি তোলা হয়েছে।<br>• পরবর্তীতে শিক্ষা মন্ত্রণালয়ের গত ০৮.০১.২০১২ খ্রি. তারিখের শিম/শাঃ ৫/ব্রডশীট-২১৮/২০১১/২৫-নং স্মারকমূলে উক্ত প্রতিষ্ঠানের সহকারী শিক্ষক (শরীর চর্চা) জনাব মোঃ ছালাউদ্দিন কর্তৃক গৃহীত বেতন ভাতার ৯৫,২৭৪.৫০ টাকা ফেরতের সুপারিশ হতে অব্যাহতি প্রদানপূর্বক বিষয়টি নিষ্পত্তি করা হয়েছে (পত্র পৃষ্ঠা: ০৩-০৪)। এছাড়াও গত ০৯.১২.২০১২ খ্রি. তারিখের শিম/শাঃ ৫/ব্রডশীট-২১৮/২০১১/৪৩১-নং স্মারকমূলে অন্যান্য সুপারিশসমূহ নিষ্পত্তি করা হয়েছে (পত্র পৃষ্ঠা: ০২)। উল্লেখ্য যে, ডিজি, ডিএমই কর্তৃক বর্তমান ব্রডশীট জবাবে এ বিষয়ে নিষ্পত্তির সুপারিশ রয়েছে।<br>• তৎপ্রেক্ষিতে, যেহেতু বিষয়টি ইতোপূর্বে গত ০৮.০১.২০১২ খ্রি. তারিখের শিম/শাঃ ৫/ব্রডশীট-২১৮/২০১১/২৫-নং স্মারকমূলে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নিষ্পত্তি করা হয়েছে। সেহেতু চাঁদপুর মহিলা আলিম মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা -এর সহকারী শিক্ষক (শরীর চর্চা) জনাব মোঃ ছালাউদ্দিন কর্তৃক গৃহীত বেতন ভাতার ৯৫,২৭৪.৫০ টাকা শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক (গত ০৮.০১.২০১২ খ্রি. তারিখের শিম/শাঃ ৫/ব্রডশীট-২১৮/২০১১/২৫-নং স্মারকমূলে) নিষ্পত্তির আলোকে এবং অন্যান্য সার্বিক দিক বিবেচনা করে এ বিষয়টি সম্পূর্ণরূপে নিষ্পত্তি করা যেতে পারে। পরবর্তীতে এ বিষয়ের কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না মর্মে পরিচালক, ডিআইএ-কে অবহিত করা হলো। | আপত্তিটি ইতোপূর্বে নিষ্পত্তি করা হয়েছে বিধায় পুন:রায় আপত্তিটি গ্রহণযোগ্য নয় মর্মে পরিচালক, ডিআইএ-কে নির্দেশক্রমে অবহিত করা হলো। |
| ৫(খ) | ইভটিজিং: ইভটিজিং একটি মারাত্মক সামাজিক ও মানসিক ব্যাধি। শিক্ষক-শিক্ষার্থীসহ সকলের মধ্যে ইভটিজিং এর কুফল সর্ম্পকে সম্যক ধারণা ও সচেতনা সৃষ্টি এবং এর বিরুদ্ধে কার্যকর প্রতিরোধ গড়ে তুলতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |
| ৫(গ) | মানবপাচার রোধ: মানবপাচার সর্ম্পকে শিক্ষার্থীদের সচেতনতা বৃদ্ধিসহ ইভটিজিং প্রতিরোধে প্রয়োজনীয় সকল শিক্ষককে পদক্ষেপ নিতে হবে। | নির্দেশনা অনুসরনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |

চলমান পাতা-০৪

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র (কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের) মন্তব্য | টিএমইডি'র নির্দেশনা |
|---|---|---|
| ০৬. | বিবিধঃ (ক) যুক্তিসংগত কারণ ছাড়া কোন শিক্ষার্থী অনুপস্থিত যাতে না থাকে সে বিষয়ে অধ্যক্ষ, শিক্ষক ও ব্যবস্থাপনা কমিটিকে সচেতন হতে হবে।<br>(খ) প্রতিষ্ঠানের গেটে প্রতিষ্ঠানেরই ব্যবস্থপনায় ইউনিফর্মধারী নিরপত্তা প্রহরীর ব্যবস্থা করতে হবে।<br>(গ) নিকটস্থ থানা-ফাঁড়ি, ফায়ার ব্রিগেড ও শিক্ষা দপ্তরের ফোন নম্বরসমূহ প্রতিষ্ঠানের বিভিন্ন স্থানে বড় হরফে প্রদর্শন করতে হবে।<br>(ঘ) শিক্ষকদের সমন্বয়ে সার্বিক নিরাপত্তা সংক্রান্ত একটি ভিজিলেন্স টিম গঠন করতে হবে।<br>(ঙ) মাল্টিমিডিয়ার মাধ্যমে দুর্যোগকালীন করণীয় বিষয় ক্লাসসমূহে প্রদর্শন করতে হবে।<br>(চ) ডাইনামিক ওয়েব সাইট থাকতে হবে।<br>উপরিউক্ত বিষয়গুলি প্রতিষ্ঠান প্রধান/অধ্যক্ষ ও ব্যবস্থাপনা কমিটিকে বাস্তবায়নের জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে। | নির্দেশনা অনুসরনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ৩০.০৭.২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ব্রডশীটের ও ডিআইএ'র পরিদর্শন প্রতিবেদনের অন্যান্য ক্রমিকে বর্ণিত প্রতিবেদনের বিষয়ে কোন আপত্তি না থাকায় এবং ডিজি, ডিএমই কর্তৃক আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশ ও প্রমাণক থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

২৮/৬/২২

(মো: নুরুল ইসলাম শেখ)
সহকারী সচিব (অডিট)
ফোন:০২- ৯৫৭৫২৭২
ই-মেইল: tmedaudit21@gmail.com

বিতরণ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):

০১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী, রোড, ঢাকা-১০০০।

০২. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০২. সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইডে প্রকাশের অনুরোধসহ)।

০৩. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৪. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

০৫. অধ্যক্ষ/ব্যবস্থাপনা কমিটি, চাঁদপুর মহিলা আলিম মাদ্রাসা, তজুমদ্দিন, ভোলা।

০৬. অফিস কপি।